



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

জনসংযোগ পরিদপ্তর
স্মারক নং ২৬০০
তারিখ: ২২/০৫/১৯

সচিবালয়
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
নিকুঞ্জ-২, জোয়ার সাহারা,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোন : ০২-৮৯০০৩১৫
ই-মেইল : secvreb@gmail.com
ওয়েব সাইট : www.reb.gov.bd

স্মারক নং-২৭.১২.০০০০.০৩০.৭১.০০৯.১৯.১২২

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
১২ মে ২০১৯ খ্রিস্টাব্দ

“নির্বাহী কমিটির সিদ্ধান্ত”

‘দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স’ নীতি বাস্তবায়নের লক্ষ্যে বাপবিবোর্ড ও পবিসের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি পুনঃগঠন সংক্রান্ত বিষয়ে গৃহিত সিদ্ধান্ত নিম্নরূপঃ

(ক) বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের অন্যতম অঙ্গীকার ‘দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স’ নীতি বাস্তবায়নের লক্ষ্যে বাপবিবোর্ডে শুদ্ধাচার চর্চার পরিধি আরও বিস্তৃত হয়েছে। এ বাস্তবতায় বাপবিবোর্ড ও পবিস-এর বিদ্যমান নৈতিকতা কমিটির পরিবর্ধন ও পরিমার্জনের প্রয়োজনীয়তার প্রেক্ষিতে গত ০৫-০৬-২০১৩ খ্রিঃ তারিখে নির্বাহী কমিটির ৪৪/২০১৩ তম সভার সিদ্ধান্ত মোতাবেক বাপবিবোর্ড ও পবিস-এর জন্য গঠিত নৈতিকতা কমিটি নিম্নরূপে শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি হিসেবে পুনঃগঠন করা হলোঃ


কমিটি	কমিটির কার্য-পরিধি
১। বাপবিবোর্ডের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটিঃ ক) চেয়ারম্যান, বাপবিবো - আহবায়ক খ) সদস্য (প্রশাসন) - সদস্য গ) সদস্য (অর্থ) - সদস্য ঘ) সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) - সদস্য ঙ) সদস্য (বিতরন ও পরিচালন) - সদস্য চ) সদস্য (সমিতি ব্যবস্থাপনা) - সদস্য ছ) নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব) - সদস্য জ) নির্বাহী পরিচালক - সদস্য ঝ) প্রধান প্রকৌশলী (প্রকল্প) - সদস্য ঞ) প্রধান প্রকৌশলী (প ও প) - সদস্য ট) সচিব, বাপবিবো - সদস্য ঠ) পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর - সদস্য ড) পরিচালক, কর্মচারী প্রশাসন পরিদপ্তর - সদস্য ঢ) পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর - সদস্য ণ) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর - সদস্য-সচিব	১। মাঠ পর্যায়ের গঠিত কমিটির কার্যবিবরণী পর্যালোচনা করা এবং এতদবিষয়ে দিক নির্দেশনা প্রদান করা; ২। কমিটি প্রতি মাসে একটি সভার আয়োজন করবেন।
২। পবিস সদর দপ্তরের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটিঃ ক) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার - আহবায়ক খ) সংশ্লিষ্ট পবিসের সকল ডিজিএম - সদস্য গ) সকল সাব জোনাল অফিসের এজিএম (ও এন্ড এম) - সদস্য ঘ) সংশ্লিষ্ট পবিসের এজিএম (প্রশাসন) - সদস্য-সচিব কোন পবিস-এ জোনাল অফিস না থাকলে সে সকল পবিস-এ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ডিজিএম (কারিগরি) এবং সকল এজিএম এর সমন্বয়ে কমিটি গঠিত হবে। এজিএম (প্রশাসন) সদস্য-সচিব এর দায়িত্ব পালন করবেন।	১। কমিটি প্রতি মাসে একটি সভার আয়োজন করবেন। সভার কার্যবিবরণী ও সুপারিশ সংশ্লিষ্ট মনিটরিং পরিদপ্তরে প্রেরণ করবেন; ২। নির্বাহী পরিচালক সকল মনিটরিং পরিদপ্তরের এতদসংক্রান্ত প্রতিবেদন ও সুপারিশ সমন্বয় করে কেন্দ্রীয় কমিটির মিটিং এ উপস্থাপন করবেন।

<p>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়ের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটিঃ</p> <p>ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংশ্লিষ্ট জোন), বাপবিবো - আহবায়ক</p> <p>খ) উপ-পরিচালক (কারিগরী) - সদস্য-সচিব (সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়ে নিয়োজিত)</p> <p>গ) সকল নির্বাহী প্রকৌশলী - সদস্য (সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অধীন)</p> <p>ঘ) সকল সহকারী প্রকৌশলী - সদস্য (সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অধীন)</p>	<p>১। কমিটি প্রতি মাসে একটি সভার আয়োজন করবেন। এবং সভার কার্যবিবরণী ও সুপারিশ/ প্রস্তাবনা প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তরে প্রেরণ করবেন। প্রধান প্রকৌশলী(প্রকল্প) কার্যবিবরণী সমন্বয় ও সুপারিশসহ কেন্দ্রীয় কমিটির মিটিং এ উপস্থাপন করবেন।</p>
--	--

(খ) বাপবিবোর্ডের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য-সচিব সকল কমিটির নিকট থেকে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করতঃ সার-সংক্ষেপ বোর্ডের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির নিকট উপস্থাপন করবেন এবং মন্ত্রণালয়ের নির্দেশনা ও কর্তৃপক্ষীয় সিদ্ধান্তের আলোকে বিদ্যুৎ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

প্রধান প্রকৌশলী (প্রকল্প), নির্বাহী পরিচালক ও পরিচালক (জনসংযোগ) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।

২৪-০৪-২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর নির্বাহী কমিটির ০৯/২০১৯তম সভায় গৃহীত সিদ্ধান্ত নং- ০১/০৯/২০১৯ এর ভিত্তিতে এ আদেশ জারী করা হল।


 (মোঃ আসাফ উদ্দৌলা)
 সচিব
 বাপবিবো, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ সহকারে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাপবিবো, ঢাকা।

০২। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।


০৩। পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।

০৬। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।

সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।


 (রোজিনা আক্তার সাথী)
 উপ-সচিব (পলিসি)